

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা  
Website: www.lgd.gov.bd

নং-৪৬. ০২০. ০০৪. ০০. ০১. ১৪৯. ২০১৪- ৬৪২

তারিখঃ ৭/৩/১৯


বিষয়ঃ রীট পিটিশন নং-৩১৩২/২০১৪ মামলায় প্রদত্ত স্থগিতাদেশের বিরুদ্ধে সরকার পক্ষে লিভ-টু-আপীল দায়েরসহ আদেশটি ভ্যাকুয়েটকরণ সংক্রান্ত।

সূত্রঃ এ বিভাগের ইপ-১ শাখার গত ২২-০২-২০১৬খ্রিঃ তারিখের ১৭৪ সংখ্যক আ্রক।

রাজবাড়ী জেলার বালিয়াকান্দি উপজেলাধীন বালিয়াকান্দি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ মশিউল আলম চুন্সুকে সাময়িকভাবে বরখাস্ত করা হলে তিনি উক্ত বরখাস্ত আদেশকে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ৩১৩২/২০১৪নং রীট পিটিশন দায়ের করেন। মাননীয় আদালত গত ০৭-০৪-২০১৪খ্রিঃ তারিখে উক্ত আদেশের উপর ০৬(ছয়) মাসের স্থগিতাদেশ প্রদান করেন। গত ০৬-০৪-২০১৫খ্রিঃ তারিখে উক্ত স্থগিতাদেশের মেয়াদ আরও ০৬(ছয়) মাস বৃদ্ধি করা হয়। এ বিভাগের ইউপি-১ শাখার চাহিদা মোতাবেক উক্ত স্থগিতাদেশের বিরুদ্ধে সরকার পক্ষে উচ্চ আদালতে আপীল দায়েরসহ স্থগিতাদেশ ভ্যাকুয়েট করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইন-১ শাখার গত ২০-০৯-২০১৫খ্রিঃ তারিখের ১৮৮৬ সংখ্যক আ্রকে স্থগিতাদেশের সার্টিফাইড কপি প্রেরণপূর্বক বিজ্ঞ সলিসিটরকে অনুরোধ করা হয়। তৎপক্ষে সলিসিটর উইং-এর চাহিদা মোতাবেক রীট পিটিশনের আরজির পূর্ণাঙ্গ কপি, মামলা সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্রাদি (যদি থাকে), বিলম্বের ব্যাখ্যা ও গ্রাউন্ডস অব আপীল প্রেরণের জন্য এ বিভাগের ইপ-১ শাখাকে অনুরোধ করা হয়। এ প্রেক্ষিতে জেলা প্রশাসক, রাজবাড়ীর পত্র, মামলার আরজির কপি ও আনুষঙ্গিক কাগজপত্রাদি সূত্রোক্ত আ্রকে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, সরকারি স্বার্থ বিবেচনায় বর্ণিত রীট পিটিশনে প্রদত্ত স্থগিতাদেশের বিরুদ্ধে সরকার পক্ষে উচ্চ আদালতে লিভ-টু-আপীল দায়েরসহ স্থগিতাদেশটি ভ্যাকুয়েট করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিয়োগকৃত প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো। মামলার আরজির কপি ও আনুষঙ্গিক কাগজপত্রাদি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

গংযুক্তঃ বর্ণনামতে ----- ফর্দ।

  
(মোঃ ইশান আলী রাজা বাঙালী)  
উপসচিব  
☎ ৯৫৪০৯৯৫  
Email:ishanaliraja@gmail.com

জনাব এসকে. শফিক মাহমুদ পুস্প  
বেসরকারি প্যানেল আইনজীবী  
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০২। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০৩। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা;
- ০৪। সিনিয়র সহকারী সচিব (ইপ-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৫। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৬। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা;
- ০৮। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
- ০৯। সহকারী কম্পিউটার প্রোগ্রামার (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।